চুয়াডাঙ্গা সদরের হায়দারপুর যুব সমাজের উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সদরের হায়দার পুর গ্রামের যুবসমাজের উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার সন্ধা ছয়টার সময় চুয়াডাঙ্গা সদরের হায়দার পুর গ্রামের জামে মসজিদে এই ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠানে পদ্মাবিলা ৫নং ওয়ার্ড সাবেক ইউপি সদস্য মোঃ শহিদুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক ও চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দার।

ইফতার ও দোয়া মাহফিলে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা যুবলীগের আহ্বায়ক কমিটির সদস্য সাজেদুল ইসলাম লাভলু, আজাদ আলী, হাফিজুর রহমান হাপু, আবুবক্কর সিদ্দিক আরিফ, লাভু, চুয়াডাঙ্গা সদরের পদ্মবিলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলম মন্ডল।

এ সময় আরও উপস্থিত ছিলেন, পদ্মবিলা ইউনিয়ন যুবলীগের সভাপতি বনফুল, হায়দার পুর জামে মসজিদ কমিটির সভাপতি সরুপ মন্ডল, সহ-সভাপতি মইনুল হোসেন, যুবলীগ নেতা রুবেল, আমান, ফাহাদ, নয়ন, তাসফির, খোকন, আসিফ, সাকিন, জামান, ইসরাফিল সহ হায়দার পুর যুব সমাজের সদস্যবৃন্দ।

মেহেরপুর জজশীপের কর্মচারীদের দক্ষতা বৃদ্ধিতে ২ দিনের

কর্মশালা অনুষ্ঠিত

মেহেরপুরে জেলা জজশীপের কর্মচারীদের দক্ষতা বৃদ্ধিতে দুই দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা সম্পন্ন হয়েছে। কর্মশালাটির আয়োজন ও উদ্বোধন করেন ভারপ্রাপ্ত জেলা ও দায়রা জজ রিপতি কুমার বিশ্বাস। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারী প্রত্যেককে সনদ ও সৌজন্য উপহার প্রদান করা হয়।

গত বুধ ও গতকাল বৃহস্পতিবার মেহেরপুর জেলা জজ আদালতের সম্মেলনে কক্ষে এই কর্মশালা অনুষ্ঠিত হয়।

আদালতে কর্মরত ৩য় ও ৪র্থ শ্রেণীর সহায়ক কর্মচারীদের কাজের দক্ষতা বৃদ্ধি, কর্ম পরিবেশের উন্নয়ন সহ শৃঙ্খলা সাধন এবং কর্মচারীদের কাজের অগ্রগতি ও মানোন্নয়নের লক্ষ্যে ইন হাউজ প্রশিক্ষণটি আয়োজন করা হয়। প্রশিক্ষক হিসেবে ছিলেন যথাক্রমে ভারপ্রাপ্ত জেলা ও দায়রা জজ রিপতি কুমার বিশ্বাস, যুগ্ম জেলা ও দায়রা জজ ১ম আদালতের বিচারক মো: শাহিনুর রহমান, যুগ্ম জেলা ও দায়রা জজ ২য় আদালতের বিচারক এইচ এম কবির হোসেন সিনিয়র সহকারী জজ মেহেদী হাসান মোবারক মুনিম এবং সিনিয়র সহকারী জজ মোঃ নাহিদ হোসেন।

কর্মশালায় কর্মস্থলের পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, কর্মচারীদের পোশাক পরিচ্ছদ ও আচার ব্যবহার সম্পর্কিত বিষয়, অফিস ব্যবস্থাপনা ও সরকারি কর্মচারী আচরণ বিধি, পরোয়ানা গ্রহণ, ইস্যু, জারি, নেজারত কার্যক্রম, মামলার কার্যক্রম, সেরেস্তা ও রেকর্ড রুমে মামলা সংরক্ষণ, নকল দেয়ার নিয়ম কানুন, নথি বিন্যাস ও কোর্টে দাখিলী ডকুমেন্টস বিসয়ে এক্সজিবিট বা প্রদশর্নী চিহ্নিতকরণ বিষয় নিয়ে প্রশিক্ষন প্রদান করা হয়। প্রশিক্ষণ সম্পন্ন হওয়ার পর সনদ ও শুভেচ্ছা স্মারক বিতরণ করাতে সকলে ভারপ্রাপ্ত জেলা জজ রিপতি কুমার বিশ্বাসের প্রতি ধন্যবাদ অকৃতজ্ঞতা জ্ঞাপন করেন। প্রশিক্ষনার্থীরা জানান এই ধরনের প্রশিক্ষণে তারা কর্মক্ষেত্রে অনেক উপকৃত হবেন। পাশাপাশি সনদ ও শুভেচ্ছা স্মারক চাকুরী জীবনের স্মৃতি হিসেবে রয়ে যাবে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের মাসিক অপরাধ পর্যালোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা পুলিশের মানসিক অবরোধ পর্যালোচনা ও সাম্প্রতিক বিষয়ে গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশ পুলিশের অ্যাডিশনাল আইজি (ক্রাইম এন্ড অপস্) সভাপতিত্বে রবিবার সকাল এগারোটার সময় আইজিপি মিনি কনফারেন্স রুমে ফ্রেব্রুয়ারি মাসের অপরাধ পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজনে পুলিশ সুপারের কার্যালয় সম্মেলনকক্ষ থেকে উক্ত ভিডিও কনফারেন্সে সংযুক্ত ছিলেন পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবা। ভার্চুয়ালি মিটিংয়ে ফেব্রুয়ারি মাসের অপরাধ বিষয়ক পর্যালোচনা, সাজাপ্রাপ্ত গ্রেফতারি পরোয়ানা, মামলা তদন্ত বিচারের ফলাফল ও সাজার হার এবং সাম্প্রতিক গুরুত্বপূর্ণ ঘটনাসমূহ ও বিবিধ বিষয়ক গুরুত্বপূর্ণ আলোচনা হয়।

উক্ত কনফারেন্সে আরও উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ রিয়াজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্) নাজিম উদ্দীন আল আজাদ- পিপিএম সেবা, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারি পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, আবু জিহাদ ফকরুল আলম খান, ডিআইও-১, ডিএসবি সকল থানার অফিসার ইনচার্জগণসহ জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার অফিসারবৃন্দ উপস্থিত ছিলেন।

৮ মে অনুষ্ঠিত হবে সদর ও

মুজিবনগর উপজেলা পরিষদের নির্বাচন

ষষ্ঠ উপজেলা পরিষদের প্রথম পর্যায়ে মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলা পরিষদ নির্বাচন আগামী ৮ মে অনুষ্ঠিত হবে।

উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা ২০১৩ এর বিধি ১৩ অনুসারে বাংলাদেশ নির্বাচন কমিশন বৃহস্পতিবার (২১ মার্চ) নির্বাচনের এই তফসিল ঘোষণা করেছেন।

উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে নির্বাচনের লক্ষ্যে এক প্রজ্ঞাপন জারির মাধ্যমে সময়সূচী ঘোষণা করেন।

ঘোষিত প্রজ্ঞাপন অনুযায়ী সরাসরি রিটার্নিং অফিসার অথবা রিটার্নিং অফিসারের অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ আগামী ১৫ এপ্রিল। রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাই ১৭ এপ্রিল। ১৮-২০ এপ্রিল মনোনয়নপত্র বাছায়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের, ২১ এপ্রিল আপিলের নিষ্পত্তি, ২২ এপ্রিল প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ। ২৩ এপ্রিল প্রতীক বরাদ্দ এবং ৮ মে সকাল আটটা থেকে বিকাল ৪ টা পর্যন্ত ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

জেলা নির্বাচন অফিসার রিটার্নিং অফিসার নিয়োগ করাসহ নির্বাচন পরিচালনার জন্য রিটার্নিং অফিসারকে সহায়তার জন্য সদর ও মুজিবনগর উপজেলা নির্বাচন অফিসারকে সহকারী রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ করে প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

উল্লেখ্য, পঞ্চম উপজেলা পরিষদ নির্বাচনে মেহেরপুর সদর উপজেলা পরিষদে সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম ও মুজিবনগর উপজেলা পরিষদে উপজেলা আওয়ামী লীগের সভাপতি জিয়াউদ্দিন বিশ্বাস চেয়ারম্যান নির্বাচিত হন। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন মেহেরপুর-১ (সদর ও মুজিবনগর) আসনে প্রার্থী হতে অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম পদত্যাগ করেন। তবে খুব অল্প সময় থাকায় নির্বাচন কমিশন সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান পদটি শুণ্য ঘোষণা না করে মহিলা ভাইসচেয়ারম্যান লতিফুন্নেছা লতাকে ভারপ্রাপ্ত উপজেলা পরিষদের চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেন।

এদিকে মেহেরপুর জেলার দুটি উপজেলা পরিষদ নির্বাচনের তফসিল ঘোষণার পর থেকেই শুরু হয়েছে নির্বাচনী হাওয়া। এবার এই দুটি উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে কারা কারা প্রার্থী হচ্ছেন এনিয়ে চলছে নানা জল্পনা কল্পনা। তবে, প্রার্থী যারাই হবেন জেলার জনপ্রশাসন মন্ত্রীর আশির্বাদপুষ্টরাই ভাল অবস্থানে থাকতে পারে বলে মতামত ব্যাক্ত করেছেন এ দুটি উপজেলার ভোট বিশ্লেষকরা।

মেহেরপুরে রেইজ প্রকল্পের ভূমিকা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

মেহেরপুরে “বিদেশ ফেরত অভিবাসী কর্মীদের পুনরেকত্রীকরণে রেইজ প্রকল্পের ভূমিকা” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার দিনব্যাপী জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে জেলা প্রশাসক মোঃ শামীম হাসানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওয়েজ অনার্স কল্যাণ বোর্ডের পরিচালক (আইআরপি) উপসচিব মোঃ গিয়াস উদ্দিন।

মেহেরপুর জেলা প্রশাসন ও কুষ্টিয়া ওয়েলফেয়ার সেন্টার আয়োজিত সেমিনারে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন- অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মুহাঃ তানভির হাসান (রুমান), অতিরিক্ত পুলিশ সুপার কামরুল আহসান, সদর উপজেলা নির্বাহী অফিসার কাজী নাজীব হাসান, পাবনা ওয়েলফেয়ার সেন্টারের সহকারি পরিচালক মোঃ আবু সাঈদ, টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (টিটিসি)র অধ্যক্ষ আরিফ হোসেন তালুকদার, সৌদি প্রবাস ফেরত রোমানুল হক, শহিদুল হক, শালিখা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাশ্বত নিপ্পন, জেলা ব্র্যাকের সমন্বয়কারী শেখ মইনুল হুদা, সাংবাদিক দিলরুবা খাতুন প্রমুখ।

সেমিনারে প্রবাস ফেরত অভিবাসী, সাংবাদিক, জনপ্রতিনিধি, শিক্ষক, বিভিন্ন দপ্তরের কর্মকর্তা উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

রিংকু, স্বপন, মমিনপুর ইউনিয়ন যুবলীগের ভারপ্রাপ্ত সভাপতি আব্দুল মমিন, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক লিপুউজ্জামান ছোট, ইউনিয়ন যুবলীগ নেতা বঙ্গ, মিরাজ মাস্টার, মাখালডাঙ্গা ইউনিয়ন যুবলীগ নেতা ফিরোজ আহমেদ, জাকির, তিতুদাহ ইউনিয়ন যুবলীগের সভাপতি রাশেদ রেজা, সাধারণ সম্পাদক নেয়ামত মল্লিক, গড়াই টুপি ইউনিয়ন যুবলীগের সভাপতি রাশেদুজ্জামান পলাশ, সাধারণ সম্পাদক ফারুক হোসেন চাঁদ মেম্বার,

নেহালপুর ইউনিয়ন যুবলীগ নেতা রহিদুল ইসলাম, এনামুল, টোটো, বেগমপুর ইউনিয়ন যুবলীগ নেতা ওয়ালিউল ইসলাম প্রকাশ, মিলন, টুটুল, রেজা, তুহিন, সহ বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দ।

জীবননগর উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত

জীবননগর উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল সাড়ে দশটার সময় জীবননগর উপজেলা পরিষদের আয়োজনে উপজেলা পরিষদের সভাকক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমানের সভাপতিত্বে মাসিক আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোহাম্মদ আলী আজগর টগর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ইশা, জীবননগর পৌরসভার মেয়র রফিকুল ইসলাম, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকি, হাসাদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান রবিউল ইসলাম বিশ্বাস, রায়পুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তাহাজ্জত মির্জা, সীমান্ত ইউপি চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিল্টন, বাঁকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান প্রমুখ।

মেহেরপুরে সোশ্যাল ম্যাপ সম্পর্কিত কর্মশালা অনুষ্ঠিত

মেহেরপুরে প্রেরণা আর্থ সামাজিক উন্নয়ন সংস্থার উদ্যোগে সোশ্যাল ম্যাপ সম্পর্কিত এক কর্মশালা অনুষ্ঠিত হযয়েছে। গতকাল সোমবার (১১ মার্চ) প্রেরণা আর্থ সামাজিক উন্নয়ন সংস্থার নিজ কার্যালয়ে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

দুদিনব্যাপী চলমান কর্মশালায় সংস্থার চেয়ারম্যান প্রফেসর মোঃ হাসানুজ্জামান মালেকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দেশ বরেণ্য সমাজবিজ্ঞানী এম এ ওয়াহেদ। এ ছাড়াও উপস্থিত ছিলেন সাবেক সমাজ সেবক ও কর্মকর্তা এম এ গনি।

এসময় উপস্থিত অতিথিরা বলেন, আমাদের দেশে সরকারি, আধাসরকারি ও বেসরকারি উদ্যোগে সমাজের আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে অনেক কর্মসূচি নেওয়া হয়। এ সকল কর্মসূচি বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতার অভাব থাকে। এছাড়া নিড অ্যাসেসমেন্ট এবং সোশ্যাল ম্যাপ না থাকায় অনেক বড় উদ্যোগও সফলভাবে বাস্তবায়িত হতে পারেনা। আমাদের প্রেরণা সংস্থা এটি ক্ষুদ্র প্রতিষ্ঠান। এ সংস্থা সামাজিক উন্নয়নের লক্ষ্যে কয়েকটি ক্ষুদ্র কর্মসূচি গ্রহণ করেছে। এ সকল কর্মসূচি সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের জন্য সংস্থার কর্মী ও সদস্যদের যোগ্য ও দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে এই কর্মশালার আয়োজন করা হয়।

ঝিনাইদহে নারী উদ্দ্যোক্তা

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।এতে দুই হাজারেও বেশি অসহায় দরিদ্র মানুষকে ফ্্ির চিকিৎসা ও বিনামূল্যে ওষুধ দেয়া হয়েছে।

আজ শনিবার (৯ মার্চ) সকাল দশ টার সময় উপজেলার পাইলট স্কুল এন্ড কলেজ মাঠে এই কার্যক্রমের উদ্বোধন ঘোষণা করা হয়।

আদ্ দ্বীন ফাউন্ডেশন ও জাহেদী ফাউন্ডেশন এর যৌথ উদ্যোগে এই ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়।

ফ্রি মেডিকেল ক্যাম্পে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ -২ আসনের এমপি মোঃ নাসের শাহরিয়ার জাহেদী , বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আদ দ্বীন ফাউন্ডেশন এর নির্বাহী পরিচালক শেখ মোঃ মহিউদ্দিন , হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী অফিসার মোঃ আক্তার হোসেন , থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ জিয়াউর রহমান। সভাপতিত্ব করেন অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়্যার জেনারেল রুশো।

প্রধান অতিথি সবাইকে উদ্দেশ্য করে বলেন এ ধরনের ফ্রি মেডিকেল ক্যাম্প হরিণাকুন্ডুতে সব জায়গায় পর্যায়ক্রমে হবে এবং জাহেদী ফাউন্ডেশন ও আদ্দ্বীন ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে ডায়াবেটিক , ফ্রি স্ক্যানিংয়ের ব্যবস্থা করা হবে বলে জানান। এই ক্যাম্পে ১৬ জন ডাক্তার দ্বারা প্রায় ২হাজার ডায়াবেটিস ও চক্ষুরোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়।